

## সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৫১২৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ২০০৫]

৩৭। পানীয় বস্ত (کتاب الأشرية)

পরিচ্ছেদঃ ৯. যে নাবীয (খেজুর ভেজানো পানি) গাঢ় হয়নি এবং নেশাগ্রস্ত হয়নি, তা পান করা বৈধ

باب إِبَاحَةِ النَّبِيذِ الَّذِي لَمْ يَشْتَدَّ وَلَمْ يَصِرْ مُسْكِرًا

## আরবী

حَدَّثَنَا شَيْبَانُ بْنُ فَرُّوخَ، حَدَّثَنَا الْقَاسِمُ، \_ يَعْنِي ابْنَ الْفَضْلِ الْحُدَّانِيَّ \_ حَدَّثَنَا ثُمَامَةُ، \_ يَعْنِي ابْنَ الْفَضْلِ الْحُدَّانِيَّ \_ حَدَّثَنَا ثُمَامَةُ، \_ يَعْنِي ابْنَ حَزْنِ الْقُشَيْرِيَّ \_ قَالَ لَقِيتُ عَائِشَةَ فَسَأَلْتُهَا عَنِ النَّبِيذِ، فَدَعَتْ عَائِشَةُ جَارِيَةً حَبَشِيَّةً فَقَالَتْ سَلْ هَذِهِ فَإِنَّهَا كَانَتْ تَنْبِذُ لِرَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَتِ حَبَشِيَّةُ كُنْتُ أَنْبِذُ لَهُ فِي سِقَاءٍ مِنَ اللَّيْلِ وَأُوكِيهِ وَأُعَلِّقُهُ فَإِذَا أَصْبُحَ شَرِبَ مِنْهُ .

## বাংলা

৫১২৬-(৮৪/২০০৫) শাইবান ইবনু ফাররাখ (রহঃ) ..... সুমামাহ্ ইবনু হায্ন কুশাইরী (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আয়িশাহ্ (রাযিঃ) এর সাথে সাক্ষাৎ করে তাকে নবীয সম্বন্ধে প্রশ্ন করলাম। আয়িশাহ (রাযিঃ) এক হাবশী ক্রীতদাসীকে ডেকে বললেন, একে প্রশ্ন করে- রসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম এর জন্য সে নবীয প্রস্তুত করতো। অতঃপর হাবশী মেয়েটি বলল, রাতে আমি তার জন্য মশকের ভিতরে নবীয প্রস্তুত করতাম এবং সেটি মুখ বন্ধ করে লটকিয়ে রাখতাম। ভোর হলে তিনি এ থেকে পান করতেন। (ইসলামিক ফাউন্ডেশন ৫০৬১, ইসলামিক সেন্টার ৫০৭১)

## **English**

Thumama (i. e. Ibn Hazn al-Qushairi) reported:

I met 'A'isha and asked her about Nabidh (that was served to the Holy Prophet). 'A'isha called an Abyssinian maid (servant) and said: Ask her (about it) for it was he, who prepared the Nabidh for the Messenger of Allah (ﷺ). The Abyssinian (maid-servant) said: I prepared Nabidh for him in a waterskin in the night and tied its mouth and then suspended it; and when it was morning he (the Holy Prophet) drank from it.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সুমামা ইবনু হাযন কুশায়রী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন